দৈনিক ইত্তেফাক

JAN. 9 2001

তারিখ ...
পৃঃ ১০ কলাম ৮......

# কানাডীয় সরকারী প্রতিষ্ঠান ঢাকায় মেডিক্যাল টেকনোলজি ইনস্টিটিউট স্থাপন করিবে

ইত্তেফাক রিপোর্ট ॥ কানাডার সরকারী শিক্ষা স্বাস্থ্য প্রতিষ্ঠান দি মিচেনার ইনস্টিটিউট ফর এপ্লায়েড হেলথ সায়েন্সস বাংলাদেশে বেসরকারী পর্যায়ে যৌথভাবে একটি এপ্লায়েড হেলথ সায়েন্স ইনস্টিটিউট গড়িয়া তোলার উদ্যোগ নিয়াছে। এই লক্ষ্যে গতকাল সোমবার কানাডীয় প্রতিষ্ঠানের সহিত ঢাকার মেডিনোভা মেডিক্যাল সার্ভিসেসের একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হইয়াছে। সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন কানাডীয় প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক মিস সিনথিয়া কাউলিং এবং মেডিনোভা মেডিক্যাল সার্ভিসেসের ব্যবস্থাপনা পরিচালক ডাঃ মোহাম্মদ মোকাদ্দেস হোসেন। অনুষ্ঠানে ঢাকাস্থ কানাডীয় রাষ্ট্রদূত ডেভিড প্রেস্টন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পরিচালক মুহাম্মদ মোফাক্কের, মেডিনোভার চেয়ারম্যান মোঃ মোজাম্মেল হোসেন, পরিচালক ডাঃ মনোয়ার হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন। কানাডাস্থ বেকান ইন্টারন্যাশনালের প্রেসিডেন্ট মোঃ হোসেন সমঝোতা স্মারক স্বাক্ষরে ভূমিকা পালন করেন। অনুষ্ঠানে বলা হয়, ঢাকায় প্রতিষ্ঠানটি মেডিক্যাল আল্ট্রাসাউন্ড, সিটি স্ক্যান, এমআরআই, মেমোগ্রাফি, রেডিওগ্রাফী, ল্যাব টেকনোলজি, জেনেটিক টেকনোলজি প্রভৃতি কোর্সে পোস্ট গ্রাজুয়েট ও আন্ডার গ্রাজুয়েট ডিপ্লোমা চালু করিবে।